

সমকাল

ব্র্যাক ইউনিভার্সিটিতে এমপ্লয়ার অ্যাপ্রিসিয়েশন অনুষ্ঠিত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৭ মার্চ ২৩ | ২০:১৪



ছবি: সংবাদ বিজ্ঞপ্তি

ব্র্যাক ইউনিভার্সিটির অফিস অফ ক্যারিয়ার সার্ভিসেস অ্যান্ড অ্যালামনাই রিলেশনস (অকসার) সম্প্রতি মহাখালীতে অবস্থিত ব্র্যাক সেন্টার ইন-এ ‘এমপ্লয়ার অ্যাপ্রিসিয়েশন ইভনিং ২০২৩’ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করে। বাইশ বছরে ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থীদের শিক্ষাজীবন থেকে কর্মজীবনে পদার্পনের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালনকারী সকল প্রতিষ্ঠানকে ধন্যবাদ জ্ঞাপনের উদ্দেশ্যে এই অনুষ্ঠানটির আয়োজন করা হয়। ৫০টিরও বেশি খ্যাতনামা প্রতিষ্ঠানের মানবসম্পদ বিভাগের প্রধান ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এতে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ব্র্যাক ইউনিভার্সিটির প্রো ভাইস-চ্যান্সেলর এবং ভারপ্রাপ্ত ভাইস-চ্যান্সেলর প্রফেসর সৈয়দ মাহফুজুল আজিজ, রেজিস্ট্রার ড. ডেভিড ড্যাউল্যান্ড, ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর স্যাং লি, এবং ডিপার্টমেন্ট

অফ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এর অ্যাসোসিয়েট প্রফেসর এবং
চেয়ারপারসন ড. সাদিয়া হামিদ কাজী।

ব্র্যাক ইউনিভার্সিটির স্টুডেন্ট লাইফের জয়েন্ট ডিরেক্টর তাহসিনা রহমান এই
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। ব্র্যাক ইউনিভার্সিটির রেজিস্ট্রারে ড. ডেভিড
ড্যাউল্যান্ড একটি প্রেজেন্টেশনের মাধ্যমে ব্র্যাক ইউনিভার্সিটির সার্বিক চিত্র
উপস্থাপন করেন। ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত মনোজ্ঞ
সাংস্কৃতিক পরিবেশনা এবং সাক্ষ্যভোজের মাধ্যমে এই অনুষ্ঠান শেষ হয়। সংবাদ
বিজ্ঞপ্তি